# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 13-09-2026 Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর ঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, অতিমারি, জলবায়ু পরিবর্তনের মত ঘটনাগুলি প্রমাণ করেছে, আন্তর্জাতিক বিশ্ব ব্যবস্থায় কোনো সমস্যাই নির্দিষ্ট অঞ্চলে সীমাবদ্ধ থাকে না।

ব্রিকস শিখর সম্মেলনের শেষ দিনে প্রকাশ্য অধিবেশনে তিনি বলেন, সংক্রামক রোগ প্রতিরোধ মোকাবিলায়, আগাম সতর্কতা নেওয়ার ব্যাপারে ঐকমত্য হয়েছে।

২) বিশ্ব স্বাস্থ্য সংস্থা- WHO, ব্রিকস শিখর সম্মেলনের নতুনদিল্লি ঘোষণা পত্রের প্রশংসা করেছে।

৩) শুষ্কভূমি অঞ্চলে সুষ্ঠু কৃষি ব্যবস্থা গড়ে তুলতে নতুনদিল্লিতে তিনদিনের কৃষি বিষয়ক সম্মেলন - ড্রাইল্যান্ড কংগ্রেস ২০২৬ শেষ হয়েছে।

৪) ভারতের আবহাওয়া দফতর পশ্চিমবঙ্গ সহ ভারতের বিভিন্ন রাজ্যে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাষ দিয়েছে।

৫) মহিলাদের এশিয়া কাপ ক্রিকেটের ফাইনালে ভারত আজ শ্রীলঙ্কার বিরুদ্ধে খেলবে।

৬) পুরুষদের তিন ম্যাচের টি-টোয়েন্টি ক্রিকেট সিরিজের প্রথম ম্যাচে ভারত আজ আফগানিস্তানের মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, অতিমারি, জলবায়ু পরিবর্তনের মত ঘটনাগুলি প্রমাণ করেছে, আন্তর্জাতিক বিশ্ব ব্যবস্থায় কোনো সমস্যাই নির্দিষ্ট অঞ্চলে সীমাবদ্ধ থাকে না। নতুন দিল্লীর ভারত মন্ডপমে অনুষ্ঠিত অষ্টাদশ ব্রিকস শিখর সম্মেলনের দ্বিতীয় তথা শেষ দিনে প্রকাশ্য অধিবেশনে তিনি বলেন, এই সামগ্রিক পরিস্থিতির প্রেক্ষাপটে ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলি তাদের সহনশীলতা বৃদ্ধির ওপর বিশেষ গুরুত্ব দিয়েছে। তিনি বলেন, উদ্ভাবন এবং সহযোগিতার ভিত্তিতেই আগামী দিনগুলিতে ব্রিকসের দেশগুলি বিভিন্ন চ্যালেঞ্জের মোকাবিলা করবে। এই অধিবেশনে সেগুলি চিহ্নিত করে তাৎক্ষনিক পদক্ষেপের ওপর জোর দেন তিনি।

সংক্রামক রোগ প্রতিরোধ মোকাবিলায়, ব্রিকস আগাম সতর্কতা নেওয়ার ব্যাপারে ঐকমত্যে পৌঁছেছে। প্রধানমন্ত্রী বলেন, ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলি প্রযুক্তি গ্রহণের ক্ষেত্রে অন্তর্ভুক্তিমূলক পদক্ষেপের ওপর বিশেষ গুরুত্ব দিয়েছে। এর পাশাপাশি ক্ষুদ্র উদ্যোগগুলিও বিশেষ গুরুত্ব পাবে। তার জন্য বিশেষ পোর্টাল তৈরিরও প্রস্তাব দেওয়া হয়েছে।

(বাইট - ইন্টার কনেকশন)

প্রধানমন্ত্রী বলেন, বিভিন্ন শহরের মধ্যে সুষ্ঠু পরিবহন ব্যবস্থা গড়ে তোলার জন্য ব্রিকস আরবান মোবিলিটি হাব স্থাপনেরও প্রস্তাব করা হয়েছে। এর ফলে আগামী দিনে এক দক্ষ, পরিচ্ছন্ন, পরিবহন ব্যবস্থা গড়ে উঠবে। গ্লোবাল সাউথের প্রয়োজন মেটাতে কার্যকর ও সহজলভ্য পদ্ধতিগুলিও আগামী দিনে গ্রহণ করতে ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলি বদ্ধপরিকর।

(বাইট - আরবান মবিলিটি)

প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যে ব্রিকস লজিস্টিক সাপ্লাই চেইন সহযোগিতা কাঠামো আরও নির্ভরযোগ্য করে তোলার পরামর্শ দিয়েছেন। তিনি বলেছেন, এর ফলে উদ্ভাবনের ক্ষেত্রে একে অপরের সঙ্গে ব্রিকস দেশগুলি সম্পর্ক যুক্ত হতে পারবে। প্রধানমন্ত্রী এ প্রসঙ্গে স্টার্টআপ ইনোভেশন ফান্ড গঠনের প্রস্তাব দেন। তিনি বলেন, ডিজিটাল, কৃষি বিষয়ক ব্রিকস কার্যক্রম কৃষকদের সামনে নতুন সুযোগ এনে দেবে। এপ্রসঙ্গে তিনি কৃত্রিম বুদ্ধিমত্তার প্রসঙ্গও আনেন। স্বচ্ছ ও স্বাভাবিক পরিবেশ এবং কাজে পরিচ্ছন্নতা আসলে সামগ্রিকভাবে দেশের পরিকাঠামোগত উন্নতি সম্ভব।

(বাইট – এনার্জি)

এর আগে প্রধানমন্ত্রী ব্রিকস অংশীদার দেশগুলির নেতাদের স্বাগত জানিয়েছেন। এদের মধ্যে ছিলেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম, ভিয়েতনামের প্রধানমন্ত্রী লি মিন হুং, সৌদি আরবের বিদেশ মন্ত্রী ফয়সাল বিন ফারহান এবং রাষ্ট্রসংঘের মহাসচিব অ্যান্তনিও গুতারেস। নেতাদের সঙ্গে যৌথ ছবি তোলার পর তারা সহনশীলতা, উদ্ভাবন, সহযোগিতা ও স্থায়িত্ব বিষয়ক অধিবেশনে অংশ নেন।

ব্রিকসের দশটি সহযোগী দেশ বেলারুশ, বলিভিয়া, কাজাখস্তান, কিউবা, মালয়েশিয়া, নাইজিরিয়া, থাইল্যান্ড, উগান্ডা, উজবেকিস্তান এবং ভিয়েতনামও অধিবেশনে যোগ দেয়। অধিবেশন শেষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কাজাখস্তানের রাষ্ট্রপতি কাশিম জোমার্ট তোকায়েভ, ফিলিপিন্সের রাষ্ট্রপতি ফার্দিনান্দ আর মার্কোজ জুনিয়ার, মিশরের রাষ্ট্রপতি আব্দেল ফাতাহ আলসিসি, দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি সিনিল রামাফোসা এবং বুরুন্ডির রাষ্ট্রপতি এভারিস্ট এন্দাইশিনির সঙ্গেও তাঁর আলোচনা হওয়ার কথা।

উল্লেখ্য, ভারতের নেতৃত্বে এই শীর্ষ সম্মলনের এবারের মূল ভাবনা প্রাণবন্ত, উদ্ভাবনী, সহযোগিতামূলক এক পরিবেশে সুস্থায়ী উন্নয়ন।

oooooooooooooooooooooo

বিশ্ব স্বাস্থ্য সংস্থা- WHO, ব্রিকস শীর্ষ সম্মেলন ২০২৬-এর সময় ব্রিকস দেশগুলির গৃহীত নতুন দিল্লি ঘোষণা পত্রের প্রশংসা করেছে। একটি সামাজিক মাধ্যম পোস্টে, বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহা নির্দেশক টেড্রোস আধানম গেব্রেয়াসুস সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষার প্রতি অঙ্গীকার, স্থিতিস্থাপক স্বাস্থ্য ব্যবস্থা এবং অতিমারি মোকাবিলায় স্বাস্থ্য সুবিধা সকলের কাছে পৌঁছে দেওয়া সংক্রান্ত বিষয়ের ওপর আলোচনার সফল সমাপ্তির প্রশংসা করেছেন। গেব্রেয়াসুস যক্ষ্মা নির্মূল, স্বাস্থ্য শ্রম শক্তিকে মজবুত করা, ডিজিটাল স্বাস্থ্য, এবং সকলের জন্য স্বাস্থ্য নিশ্চিত করার ক্ষেত্রে ব্রিকস দেশগুলোর প্রচেষ্টারও প্রশংসা করেছেন। তিনি শীর্ষ সম্মেলনে উষ্ণ অভ্যর্থনার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

oooooooooooooooooooooo

তিনদিনের মুম্বই সফরে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আজ এশিয়াটিক সোসাইটিতে ষষ্ঠ অখিল ভারতীয় রাজভাষা সম্মেলনে যোগ দেবেন। তিনি শ্রী গণেশ ধ্যানারতি শীর্ষক পান্ডুলিপির একটি বিশেষ প্রদর্শনীর উদ্বোধনও করবেন। পাশাপাশি এশিয়াটিক সোসাইটির পান্ডুলিপি সংরক্ষণের জন্য বিশেষ গবেষণাগারটিও ঘুরে দেখবেন তিনি। মন্ত্রী লালবাগচা রাজা প্রতিমাও দর্শণ করবেন।

oooooooooooooooooooooo

শুষ্কভূমি অঞ্চলে সুষ্ঠু কৃষি ব্যবস্থা গড়ে তুলতে দক্ষিণ-দক্ষিণ সহযোগিতার আহ্বান জানানোর মধ্য দিয়ে নতুন দিল্লিতে তিনদিনের কৃষি বিষয়ক সম্মেলন ড্রাইল্যান্ড কংগ্রেস, ২০২৬ শেষ হয়েছে। কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক জানিয়েছে এই সম্মেলনে শুষ্ক ভূমি বিষয়ক দিল্লি ঘোষণা পত্র গৃহীত হয়েছে। এই ঘোষণাপত্রে শুষ্ক ভূমিকে কৃষিজমিতে পরিণত করার জন্য একটি অভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। যেখানে পারস্পারিক সহযোগিতা উদ্ভাবন এবং সংগঠিত উদ্যোগের মাধ্যমে সামগ্রিক পরিস্থিতির মোকাবিলা করা হবে।

সম্মেলনে গ্লোবাল সাউথ জুড়ে সহযোগিতা, জ্ঞান বিনিময়, উদ্ভাবন এবং সম্মিলিত পদক্ষেপের মাধ্যমে শুষ্কভূমিকে আবাদ যোগ্যকৃষিকে রূপান্তরিত করার একটি অভিন্ন কর্মসূচি নির্ধারণ করা হয়েছে। মন্ত্রক থেকে আরও জানানো হয়েছে এবারের কংগ্রেসে বৈজ্ঞানিক জ্ঞানকে বাস্তবে পরিণত করে গ্লোবাল সাউথের কৃষি ব্যবস্থাকে আরো জোরদার করা হবে। যার উদ্দেশ্য হল স্থিতিশীল শুষ্কভূমি কৃষি ব্যবস্থাকে আরও শক্তিশালী করে তোলা।

কৃষি গবেষণা ও শিক্ষা দপ্তরের সচিব এবং আইসিএআর-এর মহা নির্দেশক ড. এম. এল. জাট, শুষ্ক অঞ্চলের কৃষি ব্যবস্থাকে আরো শক্তিশালী করে তোলার জন্য জোরালো তথ্যের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দিয়েছেন।

oooooooooooooooooooooo

বিপ্লবী যতীন দাসের ৯৮ তম আত্মবলিদান দিবস উপলক্ষে আজ তাকে স্মরণ করা হচ্ছে। দেশকে স্বৈরাচারী ব্রিটিশ শাসনের হাত থেকে মুক্ত করতে বিপ্লবী যতীন দাস ঝাঁপিয়ে পড়েছিলেন স্বাধীনতা সংগ্রামে। লাহোর ষড়যন্ত্র মামলায় ১৯২৯ সালের ১৪ ই জুন গ্রেফতার করা হয় বিপ্লবী যতীন দাসকে। জেল বন্দিদের সঙ্গে দুর্ব্যবহার, অন্যায় আচরণের প্রতিবাদে যতীন দাস লাহোর

জেলে অনশন শুরু করেন। দীর্ঘ ৬৩ দিন অনশনের পর ২৪ বছর বয়সে লাহোর জেলে ১৩ সেপ্টেম্বর মৃত্যুবরণ করেন বিপ্লবী যতীন দাস।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ স্বাধীনতা সংগ্রামী যতীন্দ্রনাথ দাসের আত্ম বলিদান দিবস উপলক্ষে গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন। সমাজ মাধ্যমে একবার্তায় শ্রীশাহ বলেন অল্প বয়স থেকেই যতীন্দ্রনাথ দাস ব্রিটিশ শাসকদের বিরুদ্ধে কঠিন সংগ্রামের পথ বেছে নিয়েছিলেন। কারাগারে শত অত্যাচার সহ্য করেও তিনি মাথা নত করেননি। জেল বন্দিদের সঙ্গে দুর্ব্যবহার অন্যায় আচরণের প্রতিবাদে যতীন দাস লাহোর জেলে অনশন শুরু করেন। তার আত্মত্যাগ এবং মৃত্যুবরণ দেশের মানুষকে চিরদিন প্রেরণা জোগাবে।

oooooooooooooooooooooo

নেপালের সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত এবং মৃত ব্যক্তিদের সনাক্তকরনের জন্য মার্কিন যুক্তরাষ্ট্র অতিরিক্ত ১০ লক্ষ মার্কিন ডলার অনুমোদন করেছে। এরফলে নেপালের জন্য যুক্তরাষ্ট্রের মোট সহায়তার পরিমাণ বৃদ্ধি পেয়ে ৫০ লক্ষ ডলারে পৌঁছেছে। ডিএনএ নির্ণীয় সহ অন্যান্য জরুরী প্রয়োজনে যুক্তরাষ্ট্র নেপাল পুলিশের সঙ্গে এক সঙ্গে কাজ করছে। ক্ষতিগ্রস্ত মানুষের খাদ্য, আশ্রয় ও ত্রাণ সামগ্রী পৌঁছে দিতে ভারত সহ একাধিক দেশ এগিয়ে এসেছে।

এদিকে, নেপালের ভয়াবহ বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ১ হাজার ৩-শো ৮৬ হয়েছে। ক্ষতিগ্রস্ত ৮-টি জেলা থেকে এখনও মৃতদেহ উদ্ধার করা হচ্ছে।

oooooooooooooooooooooo

ভারতের আবহাওয়া বিভাগ –IMD, আজ গুজরাটের জন্য 'রেড অ্যালার্ট' জারি করেছে এবং রাজ্যের বিভিন্ন অংশে, বিশেষ করে দক্ষিণ গুজরাটে অত্যন্ত ভারী বৃষ্টিপাতের বিষয়ে সতর্কবার্তা দিয়েছে। মৌসুমি বায়ুর প্রভাবে রাজ্যজুড়ে গত ২৪ ঘণ্টায় তুমুল বৃষ্টি চলছে ।সবচেয়ে বেশি বৃষ্টিপাত হয়েছে তাপী জেলার উকাই অঞ্চলে; আজ সকাল ৬টা পর্যন্ত সেখানে ১১ ইঞ্চিরও বেশি বৃষ্টিপাত হয়েছে।

পাশাপাশি, আবহাওয়া বিভাগ মধ্যপ্রদেশ, পশ্চিম মধ্যপ্রদেশ এবং সৌরাষ্ট্র ও কচ্ছ অঞ্চলে আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। এছাড়া উপকূলীয় অন্ধ্রপ্রদেশ, রাজস্থান, হরিয়ানা, পাঞ্জাব, চণ্ডীগড়, উত্তরাখণ্ড, পশ্চিমবঙ্গ, সিকিম এবং উত্তর-পূর্ব ভারতের কিছু অংশেও ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দেওয়া হয়েছে।

এদিকে, জাতীয় রাজধানীতে আগামী ৩ দিন হালকা থেকে অতি হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

oooooooooooooooooooooo

মহিলাদের এশিয়া কাপ টি-টোয়েন্টি ক্রিকেটের ফাইনালে আজ দুবাইয়ে ভারত শ্রীলঙ্কার মুখোমুখি হবে। ম্যাচ শুরু হবে ভারতীয় সময় রাত আটটায়।

সাতবারের চ্যাম্পিয়ন ভারত গ্রুপ পর্বে তিনটি ম্যাচ জিতে অপরাজিত থেকে শীর্ষে ছিল।সেমিফাইনালে বাংলাদেশকে ৪০ রানে হারিয়ে তারা ফাইনালে উঠেছে।

শ্রীলঙ্কাও গ্রুপের তিনটি ম্যাচেই জয় পেয়েছে,এবং সেমিফাইনালে পাকিস্তানকে চার উইকেটে হারিয়ে ফাইনালে পৌঁছেছে।

উল্লেখ্য, ২০২৪ সালের এশিয়া কাপ ফাইনালেও ভারতের মুখোমুখি হয়েছিল শ্রীলঙ্কা।সেই ম্যাচে ভারতকে হারিয়ে প্রথমবার এশিয়া কাপ জিতেছিল শ্রীলঙ্কা।

oooooooooooooooooooooo

পুরুষদের ক্রিকেটে আজ থেকে আফগানিস্তানের বিরুদ্ধে তিন ম্যাচের টি-টোয়েন্টি আন্তর্জাতিক সিরিজ শুরু করছে ভারত। দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে প্রথম ম্যাচ শুরু হবে ভারতীয় সময় সন্ধ্যা সাতটায়।

দ্বিতীয় ম্যাচ মঙ্গলবার এবং তৃতীয় তথা শেষ ম্যাচ বৃহস্পতিবার একই মাঠে ও একই সময়ে অনুষ্ঠিত হবে।

ভারতীয় দলের নেতৃত্ব দেবেন শ্রেয়স আইয়ার। সহ-অধিনায়ক তিলক বর্মা। দলে রয়েছেন জসপ্রীত বুমরাহ, অর্শদীপ সিং ও যশ ঠাকুর। উইকেটকিপার-ব্যাটার সঞ্জু স্যামসন দলে ফিরেছেন। চোট সারিয়ে ফিরেছেন স্পিনার বরুণ চক্রবর্তী। দলে জায়গা পেয়েছেন তরুণ ব্যাটার বৈভব সূর্যবংশীও।

আফগানিস্তানের বিরুদ্ধে টি-টোয়েন্টিতে ভারতের রেকর্ড যথেষ্ট ভালো। দুই দল এর আগে নয়-বার মুখোমুখি হয়েছে,ভারত জিতেছে আটটিতে।একটি ম্যাচের ফল অমীমাংসিত ছিল।

oooooooooooooooooooooo

টেনিসে, ইউএস ওপেন ২০২৬-এর পুরুষদের সিঙ্গলস ফাইনালে আজ রাতে নিউ ইয়র্কের আর্থার অ্যাশ স্টেডিয়ামে মুখোমুখি হবেন আমেরিকার বেন শেলটন এবং জার্মানির শীর্ষ বাছাই আলেকজান্ডার জভেরেভ। ভারতীয় সময় রাত ১১:৩০-এ এই ফাইনাল ম্যাচটি শুরু হওয়ার কথা রয়েছে।

২৩ বছর বয়সী শেলটন,শুক্রবার অনুষ্ঠিত অল-আমেরিকান সেমিফাইনালে স্বদেশী ফ্রান্সিস টিয়াফোকে ৪-৬, ৬-৩, ৬-৩, ৭-৫ সেটে হারিয়ে তিনি ফাইনালে জায়গা করে নেন।

তিন মাস আগেই নিজের প্রথম গ্র্যান্ড স্ল্যাম শিরোপা জয় করা জভেরেভ টানা তৃতীয়বারের মতো কোনো বড় টুর্নামেন্টের ফাইনালে খেলতে চলেছেন।এটি তাঁর দ্বিতীয় ইউএস ওপেন ফাইনাল হতে চলেছে; প্রতিযোগিতায় অবাছাই এই জার্মান খেলোয়াড় রাশিয়ান কারেন খাচানভকে ৬-৩, ৭-৬, ৭-৬ সেটে হারিয়ে ফাইনালে ওঠেন।

জভেরেভ ও শেলটন সর্বশেষ ইতালির তুরিনে অনুষ্ঠিত ২০২৫ এটিপি (ATP) ফাইনালে মুখোমুখি হয়েছিলেন, যেখানে রাউন্ড-রবিন পর্যায়ের ম্যাচে জভেরেভ ৬-৩, ৭-৬ সেটে জয়ী হয়েছিলেন।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo